

35

দৈনিক বাংলা

তারিখ ..2.2. MAR. 1995

পৃষ্ঠা ৬ কলাম ৭

১৯৯৪ ইং সনের প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত

১৯৯৪ ইং সনের সারাদেশব্যাপী প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের প্রাথমিক শিক্ষার বিভাগীয় উপ-পরিচালকের দফতরে এ ফলাফল পাওয়া যাবে। এছাড়াও সংশ্লিষ্ট জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের দফতরে এবং সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসারের দফতরে এ ফলাফল প্রচারের ব্যবস্থা নেওয়া হয়েছে। ১৯৯৪ ইং সনের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগ হতে যথাক্রমে ৬৩৭০২, ৫৯৪২৭, ৫৯৬৭৬, ৩৫৭৫২ ও ১৮৭৮৩ জন পরীক্ষার্থী প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। তন্মধ্যে ট্যালেন্টপুলে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগ হতে যথাক্রমে ৬৭৩, ৬০২, ৫৫০, ২৮৪ ও ১৮৮ জন এবং সাধারণ বৃত্তি কোটায় যথাক্রমে ২৬৩০, ২০৮৩, ২৩৩২, ১২৮১ ও ৬৮৩ জন বৃত্তি পেয়েছে। এছাড়াও ঢাকা বিভাগে ১৯৬ জন, চট্টগ্রাম বিভাগে ৫১১ জন, রাজশাহী বিভাগে ৬০ জন, খুলনা বিভাগে ১৯ জন এবং বরিশাল বিভাগে ৪৯ জন সম্পূর্ণ বৃত্তি পেয়েছে।

ডিএফপি-৬৯১০-২১/৩

জি-২৫৪৩(৫x২)